দৈনিক সংবাদ

14

তারিখ ... 03 APR 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 4 ...

## উপাচার্যের সঙ্গে হল প্রভোস্টদের সভা

॥ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের হল প্রভোস্টদের এক সভা প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত হয়।

সভায় হলসমূহ খুলে দেয়ার পূর্বে হল প্রশাসনের সাথে আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থাসমূহের কর্মকর্তাদের বৈঠকের ব্যবস্থা করার জন্য উপাচার্যকে দায়িত্ব দেয়া হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তে ছাত্রছাত্রীদের সব সময় পরিচয় পত্র সঙ্গে রাখতে বলা হয়েছে।